বইমেলায় ‘কবিতায় স্যামুয়েল’

অমুর একুশে গ্রন্থমেলা ২০২৩- এ প্রকাশিত হলো লেখক ও গবেষক স্যামুয়েল হকের কবিতার বই ‘কবিতায় স্যামুয়েল’। বইটি প্রকাশ করেছে জি-সিরিজ প্রকাশনী।
প্রচ্ছদ ও অলঙ্করণ করেছেন খাদেমুল জাহান। এর মূল্য রাখা হয়েছে ২৫০ টাকা। বইটি পাওয়া যাবে বইমেলার বাতিঘর প্রকাশনীর ২৬৮,২৬৯,২৭০,২৭১ স্টলে।
বইটির প্রত্যেকটি কবিতা সহজ ভাষায় চমৎকারভাবে উপস্থাপন করা হয়েছে। তার সবগুলো কবিতায় ফুটে উঠেছে জীবন-জগতের ভাববিন্যাস। কবি অন্তর খুঁড়ে যে অনুভূতি প্রকাশ করেছেন তার মধ্যে রয়েছে লালিত্য।
কবিতা আপন জগতের বাহিরে রূপান্তরিত জগতে নিয়ে যায় পাঠককে। রূপান্তরিত জগতে নিয়ে যাবার কবিতা দিয়েই ‘কবিতায় স্যামুয়েল’ কবিতা গ্রন্থটির অবয়ব দেয়ার চেষ্টা করেছেন কবি।
বইটি সম্পর্কে স্যামুয়েল হক বলেন, কবিতার এ বইটি মানব বোধকেও জাগ্রত করবে। তার কারণ এই গ্রন্থে শব্দের ভেতর আশ্রয় নিয়ে আছে সময়, ইতিহাস ও রহস্যের সাবলীল উচ্চারণ।
পাঠকদের সমৃদ্ধ করতেই প্রকাশিত হলো লেখক স্যামুয়েল হকের চতুর্থ প্রকাশনা ‘কবিতায় স্যামুয়েল’। এর আগে প্রকাশিত হয়েছিল ‘স্যামুয়েলের ডায়েরি’ ও গবেষণাধর্মী বই ‘প্রণয়’।